



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নংঃ ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৩৯

তারিখ : ৩১/০৩/২০২৪ খ্রি.

বিষয়: এইচএসসি পরীক্ষা -২০২৩ এর মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোল্লিখিত তারিখে এইচএসসি পরীক্ষা-২০২৩ এর মূল সনদ কেন্দ্রভিত্তিক বোর্ডের ২নং ভবনের (খাগডহর বাজার) পরীক্ষা শাখা (২য় তলা) হতে বিতরণ করা হবে। বর্ণিত তারিখে আপনি অথবা আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির (একজন শিক্ষককে) স্বাক্ষর সত্যায়নের মাধ্যমে পরীক্ষা শাখা হতে মূল সনদ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	জেলার নাম	মূল ট্রান্সক্রিপ্ট বিতরণের তারিখ ও সময়	মন্তব্য
১	শেরপুর	০৩/০৪/২৪, সকাল ১০ টা হতে দুপুর ১টা পর্যন্ত	
২	নেত্রকোণা	১৬/০৪/২৪, সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত	
৩	জামালপুর	১৭/০৪/২৪, সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত	
৪	ময়মনসিংহ	১৮/০৪/২৪, সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত	


বিষয়টি অতীব জরুরি।

বিঃদ্র:

- জিপিএ উন্নয়ন এর মূল সনদ গ্রহণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে পূর্বের সনদ জমা দিতে হবে (কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না)।
- কোন অবস্থাতেই মূল সনদ গ্রহণের ক্ষেত্রে চতুর্থ শ্রেণির কর্মচারীকে প্রতিনিধি হিসেবে ক্ষমতা প্রদান করা যাবে না।
- মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সংখ্যা সঠিক আছে কিনা তা গণনা করে নিতে হবে।
- প্রত্যেক কেন্দ্র বোর্ড থেকে মূল সনদ গ্রহণ করার তারিখ থেকে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানকে মূল সনদ বিতরণ করবে এবং মূল সনদ জনিত কোন সমস্যা থাকলে তা বোর্ডকে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

প্রাপক: ভারপ্রাপ্ত কর্মকর্তা,
এইচএসসি পরীক্ষা - ২০২৩ খ্রিঃ
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২/০১৩০৯-০০১৯৮৪

E-mail: conbisemym@gmail.com